



অতিরিক্ত আইজিপি পদে পদোন্নতি পেলেন ৫ ডিআইজি



ছবি: সংগৃহীত

বাংলাদেশ পুলিশের পাঁচজন উপ-মহাপরিদর্শক (ডিআইজি) অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (অতিরিক্ত আইজিপি) হিসেবে পদোন্নতি পেয়েছেন। জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী তাঁদের গ্রেড-২ পদে উন্নীত করা হয়েছে।

বৃহস্পতিবার (৪ জুন) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-১ শাখা থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ সিদ্ধান্ত জানানো হয়। প্রজ্ঞাপনে স্বাক্ষর করেন মন্ত্রণালয়ের উপসচিব তৌহিফ আহমেদ। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের মধ্যে রয়েছেন সিলেট রেঞ্জের ডিআইজি মো. মুশফেকুর রহমান, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই)-এর পরিচালক (ডিআইজি) ব্যারিস্টার মোহাম্মদ মোশাররফ হোসাইন, চট্টগ্রাম রেঞ্জের ডিআইজি মো. মনিরুজ্জামান, র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)-এর অতিরিক্ত মহাপরিচালক (ডিআইজি) ফারুক আহমেদ এবং ঢাকা রেঞ্জের ডিআইজি রেজাউল করিম মল্লিক।

LENS ASIA